২০১৯
বাংলা
(অনার্স)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
তৃতীয় সেমেস্টার
পঞ্চম পত্র (BNGH-CC-T-V)
(বাংলা কথাসাহিত্যের রূপভেদ ও ছোটগল্প)

পূর্ণমান : ৬০ সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) লেখকের নামসহ দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'পল্লীসমাজ' কোন্ শ্রেণীর উপন্যাস? এই শ্রেণীর আর একটি বাংলা উপন্যাসের নাম লেখো।

গ) "লোকটা এখানকার ইস্কুলমাষ্টার" — বক্তা কে? ইস্কুলমাষ্টারকে দেখে তাঁর কার কথা মনে পড়েছিল?

ঘ) "এই স্ত্রীলোকটির প্রকৃতির মধ্যে বহুল পরিমাণে পৌরুষের অংশ থাকাতে তাঁহার যথার্থ সঙ্গী কেহ ছিল না" — কার কথা বলা হয়েছে? তাঁর স্বামীর নাম কী?

(পরের পাতায়)

ঙ) কাদম্বিনীকে মৃত মনে করে তাকে দাহ করার জন্য যে চারজনকে শ্মশানে পাঠানো হয়েছিল তাদের নাম লেখো।

চ) 'ক্ষুধিত পাষাণ' গল্পে যে প্রাসাদের কথা আছে, সেই প্রাসাদ কোথায়, কোন্ নদীর তীরে অবস্থিত? এটি কে, কেন নির্মাণ করেছিলেন?

ছ) "আমার মরণ নেই। সেই কথাটাই ভালো করে বুঝিয়ে বলার জন্যে এই চিঠিখানি লিখতে বসেছি" — বক্তা কে? সে বিয়ের কত বছর পরে এই চিঠি লিখেছে?

জ) "চল্লিশ পার হইয়া ইনি একটু মোটা হইয়া পড়িয়াছেন, সেজন্য ডাক্তারের উপদেশে হাঁটিয়া এক্সারসাইজ করেন"—গল্পলেখকের অনুসরণে দু-তিনটি বাক্যে এই ব্যক্তির নাম ও পেশার পরিচয় দাও।

ঝ) "তোর কি ঘেন্না পিত্তিও নাই। কতবার তোকে বারণ করেছি বল্ তো?" — কে, কাকে, কী কাজ করতে বারণ করেছে?

ঞ) 'শিল্পী' গল্পের প্রধান পুরুষ চরিত্রের নাম কী? গল্পের শেষে সে কার দেওয়া সুতো নিয়ে কাপড় বুনতে চায়নি?

ট) "তরঙ্গিনী চোখে মুখে বিস্ময় ফুটাইয়া বলিল — দাদা আসেন নি কাল? বল কি বৌ!" 'দাদা'র নাম কী? 'বৌ' কে?

ঠ) "উঃ আর একটু হলে মিথ্যুক বুড়িটা সত্যিই বোধ হয় মা বলিয়ে ছাড়ত" — কে একথা ভেবেছে? 'বুড়ি'র নাম কী?

ড) 'তফাত যাও, তফাত যাও। সব ঝুট হ্যায়, সব ঝুট হ্যায়"— কী উদ্দেশ্য করে কে একথা বলেছে?

ঢ) "বড় মাসীমা, মা বললেন আপনাকে এখুনি একবার যেতে — খুড়িমার বড্ড কষ্ট হচ্ছে" — বক্তা কে? খুড়ীমার নাম কী?

ণ) "থাকিস তুই ছাগল নিয়ে, কাল যাচ্ছি আমি হাটখোলায়" — কে একথা বলেছেন? তিনি 'হাটখোলা'য় যেতে চেয়েছেন কেন?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) আঞ্চলিক উপন্যাসের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে কয়েকটি বাংলা আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

খ) 'মণিহারা' গল্পের মণিমালিকা চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

গ) 'বিধু ও বনমালী রাম নাম জপিতে জপিতে কাঁদিতে লাগিল' — কোন্ গল্প থেকে গৃহীত হয়েছে? তারা কেন ভয় পেয়েছিল, তা পাঠ্য গল্প অনুসরণে লেখো ।

ঘ) 'অনধিকার প্রবেশ' গল্পের প্রধান নারী চরিত্রটি বিশ্লেষণ করো।

ঙ) 'নারী ও নাগিনী' গল্পের খোঁড়া শেখ চরিত্রটির উপর আলোকপাত করো।

চ) 'শিল্পী' গল্পটি ছোটগল্প হিসেবে কতটা সার্থক তা আলোচনা করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ছোটগল্পের সূচনা ও সমাপ্তির বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

খ) 'জীবিত ও মৃত' গল্পে কাদম্বিনীর অস্তিত্বের সংকট কীভাবে গুরুত্ব পেয়েছে তা আলোচনা করে বুঝিয়ে দাও।

গ) 'লম্বকর্ণ' গল্পে হাস্যরসের যে পরিচয় পাওয়া যায়, তা বর্ণনা করো।

ঘ) 'তাসের ঘর' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।